

# ইকফাই বিশ্ববিদ্যালয়, ত্রিপুরা

সেহা নং-আইইউ-ত্রিপুরা/১ (৮)/২০১৬-১৭/০২২

তারিখঃ ১১ এপ্রিল, ২০১৬ ইং

ইকফাই বিশ্ববিদ্যালয়  
পরিদর্শনে ইউজিসি-র  
প্রাক্তন চেয়ারম্যান

কামালঘাট, ১১ এপ্রিল :

রসায়নশাস্ত্রের প্রখ্যাত শিক্ষক-গবেষক তথা বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রাক্তন চেয়ারম্যান অধ্যাপক ভি এন রাজাশেখরন পিল্লাই ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার আমন্ত্রিত অতিথি হিসাবে বর্তমানে আগরতলায় অবস্থান করছেন। তিনি রবিবারেই এখানে আসেন। দীর্ঘ কর্মজীবনে রাজাশেখরন পিল্লাই ইন্দিরা গান্ধী ন্যাশনাল ওপেন ইউনিভার্সিটি এবং অন্য বেশকিছু অগ্রণী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসাবে দক্ষতার সাথে দায়িত্বভার পালন করেছেন।

সোমবার বিকালে রাজাশেখরন পিল্লাই ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার সহ-উপাচার্য অধ্যাপক বিপ্লব হালদার, নিবন্ধক ডঃ আভুলা রঙ্গনাথ ও ফ্যাকাল্টি মেম্বারদের সাথে একান্ত আলাপচারিতায় মিলিত হন। আলোচনার প্রথমেই তিনি ইকফাই বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিকাঠামো ও মানের প্রশংসা করেন এবং ভবিষ্যত সম্ভাবনার কথা জানান।

তিনি ফ্যাকাল্টি মেম্বারদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, স্ব-স্ব ক্ষেত্রে উৎকর্ষতা বৃদ্ধির পাশাপাশি পড়ুয়াদের উদ্ভাবনী বিভিন্ন বিষয়ে প্রতিনিয়ত উৎসাহিত করতে হবে। চলতি কোর্সের সাথে সাযুজ্যপূর্ণ অতিরিক্ত বিষয়ে অনলাইনে পড়াশুনা করার জন্য পড়ুয়াদের উদ্বুদ্ধ করতে হবে। তাহলেই জাতি কর্ম ও গবেষণামুখী পরবর্তী প্রজন্ম পাবে।

অধ্যাপক পিল্লাই জানান, পড়ুয়ারা যাতে শুধুমাত্র একটি বিষয়ে আবদ্ধ না থাকে তা ফ্যাকাল্টি মেম্বারদেরই দেখতে হবে। আস্তঃবিষয় পড়াশুনার কি কি সুযোগ রয়েছে সে সম্পর্কে ছাত্র ছাত্রীদের বিস্তারিতভাবে অবহিত করতে হবে। পড়ুয়াদের গবেষণামুখী করে তোলার দায়িত্বও শিক্ষক শিক্ষিকাদেরই নিতে হবে।

তিনি বলেন, ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা অচিরেই পূর্বোক্তের অন্যতম উৎকৃষ্ট শিক্ষাকেন্দ্র হয়ে উঠবে। এখানে পরিকাঠামোর কোন অভাব নেই। শিক্ষক-অশিক্ষক কর্মীদের সবাই পড়ুয়াদের উৎকর্ষতা বৃদ্ধির স্থির লক্ষ্যে কাজ করলে প্রচুর ছাত্র ছাত্রী এই বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করবে। বর্তমানে চালু থাকা বিভিন্ন কোর্সের সাথে সঙ্গতি রেখে সময়োপযোগি সার্টিফিকেট কোর্স চালু করার জন্য অধ্যাপক রাজাশেখরন পিল্লাই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান রাখেন।

প্রেস বিবৃতি